বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.parjatan.gov.bd

| ক্রমিক | উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | বাস্তবায়নকারী অফিসের নাম (সংস্থার নাম) | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণী (২৫০ শব্দের মধ্যে, নিকষ ফন্টে) (মূল বিষয়বস্তু, এটি কী সংক্রান্ত, বাস্তবায়নের বর্তমান অবস্থা, বাস্তবায়নের উপকারিতা ইত্যাদি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বাংলাদেশ পর্যটন করপোরেশন-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিট সমূহের প্রচারণা কার্যক্রম গ্রহণ। | বাংলাদেশ পর্যটন করপোরেশন | ফেইসবুক (Face Book) বিশ্ব-সামাজিক আন্তঃযোগাযোগ ব্যবস্থার একটি ওয়েবসাইট যা ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি তারিখ প্রতিষ্ঠিত হয়। ফেইসবুক-এ বিনামূল্যে সদস্য হওয়া যায়। পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য হতে জানা যায়, সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারীদের ৭০ শতাংশ মানুষ সামাজিক যোগাযোগ মাধ্যমে সংযুক্ত রয়েছে। তরুণদের মধ্যে এ হার আরও বেশি, প্রায় ৯০ শতাংশ। বাংলাদেশে যারা ইন্টারনেট ব্যবহার করে তাদের মধ্যে ৮০ শতাংশ মানুষের রয়েছে ফেসবুক একাউন্ট। সুতরাং একজন ব্যক্তি তার নিজস্ব একাউন্টের মাধ্যমে তার সকল বন্ধুর কাছে ব্যক্তিগত বা ব্যবসায়িক যে কোন তথ্য পৌঁছাতে পারে।<br>ফেইসবুক (Face Book) ব্যবহার করে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর হোটেল/মোটেল এর কার্যক্রম ব্যাপকভাবে ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে আইডিয়াটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। এ ধারণাকে কাজে | আইডিয়াটি ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখ বাস্তবায়ন করা হয়েছে। আইডিয়াটি কার্যকর আছে। দিন দিন বিস্তৃত হচ্ছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | লাগিয়ে বাংলাদেশ পর্যটন করপোরেশন এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে তাদের একাউন্টের সকল বন্ধুদেরকে বাপক পরিচালিত বাণিজ্যিক ইউনিটসমূহের সুযোগ-সুবিধা, বিশেষ ছাড় ইত্যাদিসহ অন্যান্য নানা তথ্যাদির প্রচারণা কার্যক্রম গ্রহণ করবেন। বাপকের সকল বানিজ্যিক ইউনিট এর সুযোগ-সুবিধার উপর ভিডিও/ বিশেষ ছাড়/অন্যান্য বিষয়ের সকল তথ্য বাপক এর কর্মকর্তা/কর্মচারীগণ তাদের নিজস্ব ফেইসবুক আইডিতে আপলোড করবেন যা তার একাউন্টের সকল বন্ধু দেখতে পারবেন । এর মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে।<br>আইডিয়াটি বাস্তবায়নের ফলে:<br>• সামাজিক যোগাযোগ ফেইসবুক মাধ্যমটি ব্যবহারপূর্বক এর থেকে সর্বাধিক সুবিধা আদায়ের লক্ষ্যে বাপক এর সকল কর্মকর্তা ও কর্মচারীরা প্রথমত ফেইসবুক আইডি খোলার নির্দেশনা প্রদান করা হয়।<br>• তাদের এ ফেইসবুক আইডি ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীরা বাপক এর বাণিজ্যিক ইউনিটের সুযোগ সুবিধাসহ অন্যান্য তথ্যাদি নিয়মিত আপলোড করছেন।<br>• বন্ধু ও ফলোয়ারদের মধ্যে তা শেয়ার করার অনুরোধ সহ পোষ্ট করছেন।<br>কোন বিখ্যাত ব্যক্তির ভ্রমণের ছবিসহ তাদের উক্তি, বানিজ্যিক ইউনিটে আয়োজিত উল্লেযোগ্য অনুষ্ঠান (দেশী-বিদেশী) এর কালারফুল ছবিসহ তথ্য, আবিষ্কৃত নতুন পর্যটন উপাদান ও অন্যান্য আঞ্চলিক ইভেন্ট (মেলা, খেলাধুলা, উল্লেখযোগ্য মৌসুম ও তার আকর্ষণ) ইত্যাদি বিষয়ক খবরা খবরসহ আঞ্চলিক জনপ্রিয় খাদ্য সামগ্রী, সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত বিদ্যমান ও নতুন আইটেম এর ছবিসহ বিস্তারিত তথ্য, ইউনিটে একদম নতুন খাদ্য আইটেম এর ছবিসহ তথ্যাদি ইত্যাদি নিয়মিত আপলোডসহ তথ্যাদি শেয়ার করছেন। বাপক’র | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে।<br><br>আইডিয়াটি কার্যকর আছে। দিন দিন বিস্তৃত হচ্ছে।<br><br># দেশে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর পর্যটন উন্নয়ন বিষয়ে কর্মকান্ড সম্পর্কে সহজেই অবগত হওয়া যাচ্ছে।<br># বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বাণিজ্যিক ইউনিট এর বিস্তারিত তথ্য-উপাত্ত সম্পর্কে অবগত হওয়া যাচ্ছে। অনেকেই তাদের নিজস্ব এলাকার পর্যটন উপাদান বিষয়েও অবগত হচ্ছেন এবং করছেন।<br># বিভিন্ন জেলায় অবস্থিত নতুন নতুন পর্যটন উপাদান বিষয়ে পোষ্ট শেয়ারিং মাধ্যমে দেশে বিদেশের অনেকেই অবগত হচ্ছেন। এ বিষয়ে বিস্তারিত জানার ও উক্ত স্থান ভ্রমণের আগ্রহ প্রকাশ করছেন। নিজ এলাকায় অবস্থিত অবহেলিত পর্যটন উপাদান সংরক্ষণ ও প্রচারনায় সহায়তা করছেন। নিজ জেলা ভ্রমণের আমন্ত্রণ জানাচ্ছেন। সর্বোপরি দেশের পর্যটন শিল্পের প্রচার-প্রসার ও উন্নয়নে যথেষ্ট ভূমিকা রাখছে। | |
| ২. | পর্যটন ভবনের রুফটপ রেস্তোরাঁর সার্ভিস অনলাইন প্রচার প্রচারণা। | | বাংলাদেশ পর্যটন করপোরেশ-এর আগারগাঁওস্থ নবনির্মিত ভবনের রুফটপে আধুনিক মানের সকল ধরনের সুবিধাদি সম্বলিত অভ্যন্তরীন ও পারিপার্শিক সৌন্দর্য মন্ডিত পরিবেশে নান্দনিক রেস্তোরাঁটি স্থাপন করা হয়। অত্র এলাকায় অবস্থিত সকল সরকারি দপ্তরে কর্মরত জনবল, পার্শ্ববর্তী শ্যামলী, মিরপুর, মোহাম্মদপুর, ধানমন্ডি আবাসিক এলাকাকে কেন্দ্র করে বসবাসরত অধিবাসিদের পারিবারিক, দাপ্তরিক ও বিভিন্ন অনুষ্ঠানাদি আয়োজনের সুবন্দোবস্থ রাখা হয়েছে। গুণগতমান ও স্বাস্থ্য সম্মত খাদ্য, সেসাথে উন্নতমানের সার্ভিস উপহার দেয়ার লক্ষ্যে প্রধানত: বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর নিজস্ব ব্যবস্থাপনায় রেস্তোরাঁটির কার্যক্রম শুরু করা হয়। রুফটপ রেস্তোরাঁর ডিজিটাল প্রচারণার অংশ হিসাবে একটি পৃথক, সমৃদ্ধ ওয়েবসাইট খোলা হয়েছে। প্রাথমিক পর্যায়ে এ ওয়েবসাইটিতে রুফটপ রেস্তোরাঁর সকল সার্ভিস সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি প্রদান করা হচ্ছে। প্রতিনিয়ত এ ওয়েবসাইটটি আরও ব্যাপক পরিসরে সমৃদ্ধ ও যুগোপযোগী করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | আইডিয়াটি ১৬ মার্চ ২০২২ বাস্তবায়ন করা হয়।<br><br>restaurant.gov.bd |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | আইডিয়াটি কার্যকর আছে।<br><br># বর্তমান স্মার্ট প্রেক্ষাপট বিবেচনায় বিদ্যমান সার্ভিসের পাশাপাশি অনলাইন সেবা চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ফলে যুগের সাথে তাল মিলানোর পাশাপাশি অধিক হারে প্রচার প্রচারণা বৃদ্ধিসহ বাংলাদেশ পর্যটন করপোরেশনের আধুনিক ও উন্নতমানের সেবা প্রদানের বিষয়টি বৃহৎ আকারে প্রচারিত হবার সুযোগ সৃষ্টি হবে।<br><br># বর্তমান সার্বিক বিবেচনায় লক্ষ্য করা গেছে যে, রেস্তোরাঁটিতে স্বাস্থ্যসম্মত পারিবেশে তৈরী খাদ্যগুনমান সম্পন্ন খাবার গ্রহণের যথেষ্ট চাহিদা সৃষ্টি হচ্ছে;<br><br># রুফটপ রেস্তোরাঁটিতে অন্যান্য অতিথি ছাড়াও অত্র এলাকায় অবস্থিত বিভিন্ন দপ্তরসমূহ হতে অতিথি আগমনের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এলাকার সরকারি বিভিন্ন দপ্তরের দাপ্তরিক অনুষ্ঠান (কর্মশালা, সেমিনার, সম্মেলন) আয়োজনের সংখ্যাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

সৃজন বিকাশ বড়ুয়া
মহাব্যবস্থাপক (পিটিএস)
বাংলাদেশ পর্যটন করপোরেশন